# কৃষ্টির অনলাইন বর্ষা উৎসব - ২০২০

৯৯৩৩৩৫৮৮০০

## -: আভ্যন্তরীণ প্রতিযোগিতার বিবরণ :-

**কেবলমাত্র কৃষ্টির সমস্ত বিভাগের ছাত্রছাত্রীদের জন্য**

## আবৃত্তি প্রতিযোগিতা

| বিভাগ | শ্রেণী | বিষয় | সময় |
|---|---|---|---|
| 'ক' | নার্সারি থেকে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত | দামোদর শেঠ - রবীন্দ্রনাথ ঠাকুর | অগাষ্ট মাসের ১ থেকে ৭ তারিখ, সকাল ৬ টা থেকে ১০ টার মধ্যে ভিডিও পোষ্ট করতে হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ৩মি. |
| 'খ' | তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত | একুশে আইন - সুকুমার রায় | |
| 'গ' | ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত | সিঁড়ি - সুকান্ত ভট্টাচার্য | |
| 'ঘ' | নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত | ভারতবর্ষ - শমীন্দ্র ভৌমিক | |
| 'ঙ' | সর্বসাধারণ | একটা গাছতলায় দাঁড়িয়ে - সুনীল গঙ্গোপাধ্যায় | |

## রবীন্দ্রসংগীত প্রতিযোগিতা

| বিভাগ | শ্রেণী | বিষয় | সময় |
|---|---|---|---|
| 'ক' | ১ম থেকে ৪র্থ শ্রেণী | 'প্রকৃতি পর্যায়ের' যে কোনো একটি গান | অগাষ্ট মাসের ১ থেকে ৭ তারিখ, সকাল ৬ টা থেকে ১০ টার মধ্যে ভিডিও পোষ্ট করতে হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ৩মি. |
| 'খ' | ৫ম থেকে ৮ম শ্রেণী | 'বিচিত্র / স্বদেশ পর্যায়ের' যে কোনো একটি গান। | |
| 'গ' | ৯ম থেকে তদূর্দ্ধ | 'প্রেম পর্যায়' / 'ভানু সিংহের পদাবলীর' যে কোনো একটি গান। | |

## নৃত্য প্রতিযোগিতা

| বিভাগ | শ্রেণী | বিষয় | সময় |
|---|---|---|---|
| 'ক' | নার্সারি থেকে ১ম শ্রেণী | যে কোন বাংলা গানে নৃত্য | অগাষ্ট মাসের ১ থেকে ৭ তারিখ, সকাল ৬ টা থেকে ১০ টার মধ্যে ভিডিও পোষ্ট করতে হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ১মি. ৩০সে. |
| 'খ' | ২য় থেকে ৪র্থ শ্রেণী | রবীন্দ্র নৃত্য | |
| 'গ' | ৫ম থেকে ৮ম শ্রেণী | রবীন্দ্র নৃত্য | |
| 'ঘ' | ৯ম থেকে তদূর্দ্ধ | নজরুল নৃত্য | |

## অঙ্কন প্রতিযোগিতা

| বিভাগ | শ্রেণী | বিষয় | সময় |
|---|---|---|---|
| 'ক' | প্রথম শ্রেণী পর্যন্ত | যেমন খুশি আঁকো | অগাষ্ট মাসের ৯ তারিখ, সকাল ৯ টা। Online (Teamlink App) এর মাধ্যমে হবে। বিশদ জানতে নিয়মাবলী দেখুন। |
| 'খ' | দ্বিতীয় থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত | যেমন খুশি আঁকো | |
| 'গ' | পঞ্চম থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত | বর্ষা ঋতু | |
| 'ঘ' | সপ্তম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত | ১৫ই অগাষ্ট | |
| 'ঙ' | নবম থেকে তদূর্দ্ধ | বর্তমান মহামারীর প্রেক্ষাপট | |

## তবলা বাদন প্রতিযোগিতা

| *বিভাগ* | *শ্রেণী* | *সময়* |
|---|---|---|
| 'ক'<br>'খ' | প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত<br>ষষ্ঠ থেকে তদূর্দ্ধ | অগাষ্ট মাসের ১ থেকে ৭ তারিখ, সকাল ৬ টা থেকে ১০ টার মধ্যে ভিডিও পোষ্ট করতে হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ৫মি. |

## হাতের লেখা প্রতিযোগিতা

বিশদ বিবরণ নির্দিষ্ট সময়ে কৃষ্টির হাতের লেখার WhatsApp গ্রুপে জানানো হবে।

## অ্যাবাকাস জেলাস্তর প্রতিযোগিতা

বিশদ বিবরণ নির্দিষ্ট সময়ে কৃষ্টির অ্যাবাকাস -এর WhatsApp গ্রুপে জানানো হবে।

## ছড়া / Rhymes বলা প্রতিযোগিতা

(কেবলমাত্র কৃতিত্ব কিন্ডারগার্টেন ও MWEA -র ছাত্র ছাত্রীদের জন্য)

| *বিভাগ* | *শ্রেণী* | *বিষয়* | *সময়* |
|---|---|---|---|
| 'ক'<br>'খ' | প্রি-নার্সারী / প্লে-গ্রুপ ও নার্সারী<br>লোয়ার, আপার, কেজি - I ও কেজি - II | নিজের পছন্দের ছড়া<br>নিজের পছন্দের ছড়া | অগাষ্ট মাসের ১ থেকে ৭ তারিখ, সকাল ৬ টা থেকে ১০ টার মধ্যে ভিডিও পোষ্ট করতে হবে। ভিডিওর অতিরিক্ত সময়সীমা ৩মি. |

## SMART ENGLISH COMPETITION

বিশদ বিবরণ নির্দিষ্ট সময়ে কৃষ্টির SMART ENGLISH -এর WhatsApp গ্রুপে জানানো হবে।

### *-: অনলাইন প্রতিযোগিতার নিয়মাবলী :-*

* WhatsApp এর মাধ্যমে সমস্ত প্রতিযোগিতা সম্পন্ন হবে। প্রতিযোগীদের নিজ নিজ গ্রুপে ভিডিও পোষ্ট করতে হবে।
* যে কোনো প্রতিযোগীকে একাধিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য পৃথক পৃথকভাবে নাম নথিভুক্ত করতে হবে।
* ভিডিও করার সময় প্রতিযোগী যে শ্রেণীতে পাঠরত তার যে কোনো প্রমাণপত্রের ফটোকপি এক সঙ্গে পোষ্ট করতে হবে।
* একই প্রতিযোগিতার দুটি বিভাগে (যেমন শ্রেণীগত বিভাগ এবং সর্বসাধারণ) অংশ নেওয়া যাবে না।
* পুরো প্রতিযোগিতার ২ টি রাউন্ড হবে। প্রথম রাউন্ডের জন্য কোনো এন্ট্রি ফি লাগবে না। ফাইনাল রাউন্ডের জন্য এন্ট্রি ফি ১০০ টাকা।
* প্রত্যেকটি বিভাগ থেকে কত জন করে প্রতিযোগী চূড়ান্ত পর্বের (ফাইনাল রাউন্ডের) জন্য বিবেচিত হবে তা কৃষ্টির কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিবে। চূড়ান্ত পর্বের সূচী পরিবর্তন হতে পারে।

* প্রথম রাউন্ডের প্রতিযোগীতা অগাষ্ট মাসে ১ থেকে ৭ তারিখের মধ্যে সম্পন্ন হবে। অঙ্কন প্রতিযোগিতার প্রথম পর্ব ৯ই অগাষ্ট অনুষ্ঠিত হবে।
* কৃষ্টি-র চাহিদা অনুযায়ী ভিডিও ক্লিপ নির্ধারিত সময়ের মধ্যেই জমা করতে হবে।
* ভিডিও ক্লিপ কোনোভাবেই এডিট করা যাবে না। একটানা রেকর্ড হতে হবে।
* প্রয়োজন বোধে অনলাইন লাইভ প্রতিযোগিতার জন্য প্রস্তুত থাকতে হবে।
* প্রত্যেক প্রতিযোগীকে পরিবেশনার আগে প্রতিযোগিতার বিভাগ, নিজের নাম, ক্লাস, বিদ্যালয়ের নাম ও ফোন নম্বর উল্লেখ করা বাধ্যতামূলক।
* নৃত্যের ক্ষেত্রে ভিডিওর অতিরিক্ত সময়সীমা ১মি. ৩০সে.। নৃত্যের উপযোগী পোশাক পরে নৃত্য পরিবেশন করতে হবে।
* প্রতি রাউন্ডের সফল প্রতিযোগীদের ফোনে, মেসেজে অথবা কৃষ্টি-র পেজে জানিয়ে দেওয়া হবে।
* বয়স জনিত বা শ্রেণীগত কোনরকম বিতর্কের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিযোগীকেই সত্যতা / বিরুদ্ধতা প্রমাণ করতে হবে।
* অঙ্কন প্রতিযোগিতা Online (Teamlink App) এর মাধ্যমে হবে। প্রতিযোগীদের Teamlink App Download করতে হবে। প্রতিযোগিতার দিন WhatsApp এর মাধ্যমে লিঙ্ক পাঠানো হবে প্রতিযোগিতা শুরুর ৫ মিনিট আগে।
* ৯ই অগাষ্ট সকাল ৯ টায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সমস্ত বিভাগের জন্য সময় ১ঘ. ৩০ মি.।
* অঙ্কন প্রতিযোগিতা শেষে ৫ মিনিটের মধ্যে ছবিটির ছবি তুলে পোষ্ট করতে হবে আমাদের গ্রুপে। ছবি তোলার আগে আঁকা ছবির যে কোনো ফাঁকা অংশে প্রতিযোগিতার বিভাগ, নিজের নাম, ক্লাস, বিদ্যালয়ের নাম ও ফোন নম্বর লেখা বাধ্যতামূলক। উল্লিখিত সময়ের মধ্যে পোষ্ট না পেলে ছবি বাতিল বলে গণ্য হবে, এক্ষেত্রে Network Problem এর কোনো কারণ দেখানো যাবে না।
* কাগজের মাপ - ১১ ইঞ্চি / ১৪ ইঞ্চি, অর্থাৎ আর্ট পেপারের চার ভাগের এক ভাগ।
* যেকোনো বিষয়েই বিচারকগণের সঙ্গে আলোচনা ক্রমে কৃষ্টি-র মতামতই চূড়ান্ত বলে গণ্য হবে।
* উল্লেখিত নিয়ম বহির্ভূত কোনো পোষ্ট গ্রহণযোগ্য বলে গণ্য হবে না।
* অনিবার্য কারণবশত প্রতিযোগিতার দিন পরিবর্তন হতে পারে।
* বিশদে জানতে কৃষ্টির ওয়েব পেজ ফলো করুন www.krishtiindia.com
* প্রথম পর্বের (1st Round) ফলাফল ১৫ই অগাষ্ট বিকেল ৫ টায় WhatsApp গ্রুপে প্রকাশ করা হবে।